গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৭

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ট্রেড ইউনিয়ন কার্যক্রমের আওতায় বিগত ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ তিন অর্থ বছরে ৭২৫টি ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে এবং নির্বাচনের মাধ্যমে ২৯টি প্রতিষ্ঠানে সিবিএ (যৌথ দরকষাকষি প্রতিনিধি) নির্ধারণ করা হয়েছে। সালিশী কার্যক্রমের মাধ্যমে ২১৭টি শিল্প বিরোধ নিষ্পত্তি করা হয়েছে।
০৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তনের মাধ্যমে বিগত তিন অর্থ বছরে ৩১৮টি কোর্স পরিচালনার মাধ্যমে ১০১৬০ জন ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, সাধারণ শ্রমিক, ব্যবস্থাপনা কর্মকর্তা এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শ্রম প্রশাসন, শ্রম আইন, শ্রম মান, শ্রম কল্যাণ, মানবীয় সম্পর্ক, সামাজিক নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে ৩৫৫টি শ্রমিক শিক্ষা কোর্সের দ্বারা ১২৪২৫ জন শ্রমিককে শ্রম আইন, শ্রম স্বাস্থ্য খাদ্য ও পুষ্টি, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পারিবারিক বাজেট প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিগত তিন অর্থ বছরে বিনামূল্যে ১৯৫৫০০ জনকে স্বাস্থ্য সেবা, ১০৩৩৬০ জনকে পরিবার পরিকল্পনা পরামর্শ ও সেবা এবং ৪৭০৪৫০ জনকে চিত্তবিনোদন সুবিধা প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

- শ্রমজীবী মানুষের জন্য কর্মোপযোগি পরিবেশ সৃষ্টি,
- শ্রমিকের অধিকার নিশ্চিতকরণ,
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমশক্তি গড়ে তোলা,
- শ্রমিক কল্যাণের পরিধি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সকল শিল্প কারখানায় বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও বাংলাশে শ্রম বিধিমালা ১০১৫ এর শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট ধারা বিধিসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা, বিদ্যমান শ্রম কল্যাণ কেন্দ্রগুলোকে শ্রমিকদের যথাযথ সেবা প্রদানের জন্য উন্নয়ন সাধন, প্রশিক্ষণের মাধ্যমে শ্রমিকদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রমকে গতিশীল করা।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- অনলাইনে ট্রেড ইউনিয়ন নিবন্ধন কার্যক্রম জোরদার ।
- শ্রমজীবী মহিলাদের আবাসন সুবিধা প্রদানের জন্য নারায়ণগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে ০২টি ডরমিটরি নির্মাণ।
- শ্রমজীবীদের পেশাগত রোগের চিকিৎসার জন্য পিপিপি এর আওতায় নারায়ণগঞ্জের চাষাড়ায় ০১টি বিশেষায়িত হাসপাতাল নির্মাণ।
- শ্রম কল্যাণ কেন্দ্র, টংগী, গাজিপুর আধুনিকায়ন।
- শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও চিত্ত বিনোদন সেবার সুযোগ বৃদ্ধি;
- বাংলাদেশ শ্রম আইন প্রতিপালনে কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের উদ্বুদ্ধকরণ;
- অধিক সংখ্যক দক্ষ জনশক্তি তৈরী, কর্মমূখী প্রশিক্ষণ প্রদান ও বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ; এবং
- কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অধিকসংখ্যক অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন।
- শিল্প কারখানায় ৩০০টি অংশগ্রহণকারী কমিটি গঠন।
- সকল শিল্প কারখানায় মালিক ও শ্রমিকদের মধ্যে যাতে শ্রম বিরোধ দেখা না দেয় সে বিষয়ে আগাম যথাযথ কার্যক্রম গ্রহণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের ...০৬ মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

শ্রমিক মালিকের মধ্যকার সম্পর্ক উন্নয়ন এবং শ্রমিকের অধিকার নিশ্চিতকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

শিল্প প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শ্রমিকের অধিকার নিশ্চিতকরণের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন
২. শ্রমিকদের কল্যাণ জোরদার করা
৩. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমশক্তি সৃষ্টি ও শ্রম অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধি।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিষ্পত্তি, সংশ্লিষ্ট সেক্টরে নিম্নতম মজুরী নির্ধারণ ও বাস্তবায়ন;
২. শ্রম আইন ও শ্রম বিধিমালার সংশ্লিষ্ট ধারা ও বিধিমালা প্রয়োগ;
৩. দক্ষ শ্রম জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আই.এল.ও সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে কাজ করা;
৪. সিবিএ নির্বাচন পরিচালনা;
৫. শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও চিত্তবিনোদন সুবিধা প্রদান;
৬. শ্রমিকদের শিক্ষা, কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;
৭. দেশের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণ করা ও প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা; এবং
৮. শিল্প কারখানায় ইতিবাচক শিল্প সম্পর্ক বজায় রাখা।

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
শ্রমিকের অধিকার নিশ্চিতকরণ	নিশ্চিতকৃত শ্রমিকের অধিকার	%	৭০	৭২	৭৫	৮০	৮৫	শ্রম অধিদপ্তর ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	শ্রম অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন
শ্রম বিরোধ নিষ্পত্তি	নিষ্পত্তিকৃত শ্রম বিরোধ	%	১০০	১০০	৮০	৮২	৮৫	শ্রম অধিদপ্তর ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	শ্রম অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য